দৈনিক বাংলা

তারিখ ... ১৭।৭।৭৪ ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... ৩ ...

179

# রাজবাড়ীতে ১৪১টি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

রাজবাড়ী, ১৭ই আগস্ট।—প্রায় ৩৫ লাখ টাকা ব্যয়ে রাজবাড়ী মহকুমার ১৪১টি প্রাইমারী শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন ও সংস্কারের কাজ সম্পন্ন হয়েছে।

গত আর্থিক বছরে বরাদ্দকৃত ঐ টাকায় ১৭টি শিক্ষা প্রতিষ্ঠান গোয়ালন্দে, ৩৬টি রাজবাড়ী, ৩৯টি বালিয়াকান্দি এবং পাংশায় ৪৯টি শিক্ষা প্রতিষ্ঠানের কাজ সম্পন্ন হয়েছে।

মহকুমায় চলতি বছরে ৩টি কলেজকে উন্নয়ন ও সংস্কারের জন্যেও আর্থিক অনুদান দেওয়া হয়েছে।